



গৌরনদী - অট্টালঝাড়া - পয়সারহাট  
কোটালীপাড়া - গোপালগঞ্জ সড়ক উন্নয়ন

২য় পয়সারহাট সেতু

সড়ক  
উন্নয়ন

সড়ক ও জনপথ অধিদপ্তর  
সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়

## পটভূমি

নিরাপদ, ব্যয় সাশ্রয়ী ও টেকসই সড়ক নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সরকারের একটি অন্যতম সেবা প্রদানকারী সংস্থা হিসেবে সড়ক ও জনপথ অধিদপ্তর সমগ্র দেশের জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের সমন্বয়ে গঠিত সড়ক নেটওয়ার্ক সংরক্ষণ ও মেরামত এবং সম্প্রসারণ ও উন্নয়নে মূখ্য ভূমিকা পালন করে আসছে।

গৌরনদী - আগৈলঝাড়া - পয়সারহাট - কোটালীপাড়া - গোপালগঞ্জ একটি গুরুত্বপূর্ণ জেলা সড়ক ছিল। কিন্তু ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ ২য় পয়সারহাট সেতু নির্মাণ এবং সড়কটির উন্নয়ন দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনগণের দীর্ঘ দিনের প্রত্যাশা ছিল। এ প্রেক্ষাপটে বর্তমান সরকার সেপ্টেম্বর ২০০৯ সালে একটি প্রকল্প গ্রহণ করে। প্রকল্পের আওতায় গৌরনদী - আগৈলঝাড়া - পয়সারহাট - কোটালীপাড়া - গোপালগঞ্জ সড়কটি ৩.৬৬ মিটার হতে আঞ্চলিক সড়কের মানে ৭.৯০ মিটার (প্রতিপার্শ্বে ১.২০ মিটার হার্ডসোল্ডারসহ) প্রশস্ততায় উন্নীত করা হয়েছে এবং সড়কটির ১৮তম কিলোমিটারে ২য় পয়সারহাট সেতু নির্মাণ করা হয়েছে। সড়কটি ভাঙ্গা (ফরিদপুর) - ভাটিয়াপাড়া - গোপালগঞ্জ - মোল্লারহাট মহাসড়ক এবং ভাঙ্গা (ফরিদপুর) - রাইজের - গৌরনদী - বরিশাল মহাসড়ককে সংযুক্ত করেছে। ২য় পয়সারহাট সেতু নির্মাণ ও সড়কটি উন্নয়নের ফলে মাদারীপুর, বরিশাল, পটুয়াখালী এলাকার জনসাধারণ ৩০ কিলোমিটার কম দূরত্বে সংক্ষিপ্ত পথে গোপালগঞ্জ ও খুলনা বিভাগের বিভিন্ন জেলায় যাতায়াত করতে পারছে। এতে জনগণের ভ্রমণকালীন সময় সাশ্রয় হচ্ছে এবং যানবাহনের জ্বালানী খরচ হ্রাস পেয়েছে।

সড়কের উভয় পার্শ্বে শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠায় এলাকায় বাণিজ্যের প্রসার ঘটছে। উৎপাদিত কৃষি ও অকৃষি পণ্য সারাদেশে বাজারজাতকরণ সহজতর হয়েছে। এতে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত হবে এবং জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন হবে।



নবনির্মিত গৌরনদী-আগৈলঝাড়া-পয়সারহাট-কোটালীপাড়া-গোপালগঞ্জ সড়ক



গৌরনদী-আগৈলঝাড়া-পয়সারহাট-কোটালীপাড়া-গোপালগঞ্জ সড়কে নবনির্মিত তাড়াশী সেতু



নবনির্মিত ২য় পয়সারহাট সেতু



## প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: গৌরনদী - আংগেলঝাড়া - পয়সারহাট - কোটালীপাড়া-গোপালগঞ্জ সড়ক উন্নয়ন প্রকল্প
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্পের মেয়াদ	: আগস্ট ২০০৯ - ডিসেম্বর ২০১৩
প্রকল্প ব্যয়	: ২১৭.৫২ কোটি টাকা
অর্থায়নে	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়কের দৈর্ঘ্য	: ৪৭.৮৩ কিলোমিটার
সড়কের প্রশস্ততা	: ৭.৯০ মিটার
মূল ক্যারেজওয়ের প্রশস্ততা	: ৫.৫০ মিটার
হার্ড সোল্ডারের প্রশস্ততা	: ১.২০ মিটার (প্রতি পার্শ্ব)
সড়কে পিসি গার্ডার সেতু	: ৯টি

### ২য় পয়সারহাট সেতু

সেতুর নাম	: ২য় পয়সারহাট সেতু
ধরণ	: পিসি গার্ডার সেতু
দৈর্ঘ্য	: ১১১.৩২ মিটার
প্রশস্ততা	: ১০.২৫ মিটার
স্প্যান	: ৩টি
গার্ডার	: ১৫টি
নির্মাণ ব্যয়	: ৬.৪৪২৭ কোটি টাকা



